

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৪১.১৬.০২৭

তারিখ: ২৯ জানুয়ারি ২০২৪


বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা ইরেসপো কর্মসূচি ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত পটুয়াখালী জেলাধীন দশমিনা উপজেলার প্রকল্পের ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি অত্যন্ত হতাশাব্যঞ্জক। উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। সফটওয়্যারে ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ জুন ২০২৩ তুলনায় জানুয়ারি ২৪ মাসে ১৮.৫৯ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে, যা আদায়যোগ্য ঋণের ৩৯.৪৬%। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ হ্রাসের পরিবর্তে ক্রমান্বয়ে আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের বিবরণ নিম্নরূপ:

জুলাই/২৩-এ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	জানুয়ারি/২৪-এ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	বিগত ৭ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধির পরিমাণ (লক্ষ টাকা)
২	৩	৪ = (৩-২)
১২.৬৩	৩১.২২	১৮.৫৯

এছাড়া বর্তমানে আপনার উপজেলায় কিস্তি আদায়ের হার ৬১.৯৪% এবং ওটিআরের বিপরীতে উপজেলায় ঋণ কার্যক্রমের পোর্টফোলিও ৬৪.১০% ঝুঁকিতে রয়েছে। উপরিলিখিত মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধির বিষয়টি টেলিফোনে অবহিতকরণসহ খেলাপী ঋণ হ্রাস করা ও এবং কিস্তি আদায়ের হার (ওটিআর) বাড়ানোর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য বারংবার তাগিদ প্রদান করা হয়েছে। তদুপরি খেলাপী ঋণ হ্রাসের বিষয়ে আপনার কোনরূপ কার্যকর পদক্ষেপ পরিলক্ষিত হয়নি। কর্মসূচি'র প্রধান কর্মকর্তা হিসেবে বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার সামিল হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ব্যর্থতার জন্য দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ পত্রের ২ (ঘ) শর্ত মোতাবেক কেন আপনাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব আগামী ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন : ০২৪১০১০৩৪১

জনাব মো: ইদ্রিস আলী
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো,
বিআরডিবি, দশমিনা, পটুয়াখালী।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পটুয়াখালী।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, দশমিনা, পটুয়াখালী।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।